

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৪.০০১.১৮.১৫৯

তারিখ: ২১ চৈত্র ১৪২৪

০৪ এপ্রিল ২০১৮

বিষয়: ১৮.০৩.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ) এর শিক্ষক-কর্মচারীর বেতন ভাতার সরকারি অংশ স্থগিত, কর্তন, বাতিল ও ছাড়করণের নিমিত্ত ১৮.০৩.২০১৮ তারিখে অনুষ্ঠিত পুনর্বিবেচনা কমিটির সভার কার্যবিবরণী মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২. এমতাবস্থায়, কমিটির নিম্নবর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র:নং	বিষয়	কমিটির সুপারিশ
১.	বগুড়া জেলার সদর উপজেলাধীন আদর্শ স্কুল, বগুড়া এর প্রধান শিক্ষক জনাব মো: আনসার আলী এর এম.পি.ও ভুক্তি প্রসংগে।	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, প্রধান শিক্ষক জনাব আনসার আলীর নিয়োগকালীন সময়ে সহকারী প্রধান শিক্ষক থাকা অবস্থায় জুনিয়র শিক্ষক-কে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দেয়া হয়েছে। তিনি আরো বলেন যে, নিয়োগ কমিটিতে ডিজির প্রতিনিধি ও সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার উপস্থিত ছিলেন। প্রধান শিক্ষক জনাব আনসার আলীর নিয়োগকালীন সময়ে সহকারী প্রধান শিক্ষক থাকা অবস্থায় জুনিয়র শিক্ষক-কে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব দেয়ার বিষয়ে ডিজির প্রতিনিধি ও সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং ম্যানেজিং কমিটির নিকট ব্যাখ্যা চাওয়া যেতে পারে মর্মে কমিটি সুপারিশ করে।
২.	চাঁদপুর জেলার সাচার ডিগ্রী কলেজ এর এম.এল.এস.এস জনাব মো: আলী মিয়া এম.পি.ও ভুক্তি প্রসংগে।	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জনবল কাঠামো অনুযায়ী প্যাটার্ন বহির্ভূত কর্মচারী বেতন-ভাতার সরকারি অংশ প্রাপ্য হবেন না। জনবল কাঠামোর ১৭(১) ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী অফিস সহায়ক (পূর্বের এম.এল.এস.এস) জনাব মো: আলী মিয়া শূন্য পদে পুন: এম.পি.ও ভুক্তির বিষয়টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর আবেদন করবেন।

৩.	বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলাধীন ফকিরবাড়ী আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: মিরাজ শাহ ফকির (ইনডেক্স নং-১০১৯০৮০) অবৈধভাবে নিয়োগ নিয়ে এম.পি.ও ভুক্ত হয়ে সরকারি টাকা আত্মসাৎ করায় উক্ত শিক্ষকের এম.পি.ও স্থগিত অথবা বাতিল করা সংক্রান্ত।	সভায় পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মিরাজ শাহ ফকিরের অর্থ আত্মসাৎ, দুর্নীতি ও অনিয়মের বিষয়ে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক ০৪.০২.২০১৬ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে সুস্পষ্ট মতামত পরবর্তী সভায় উপস্থাপন করবে মর্মে কমিটি একমত পোষন করে।
৪.	দিনাজপুর জেলার বিরামপুর উপজেলাধীন মোহনপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আফরোজা বেগমের এম.পি.ও ভুক্তি।	পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জনাব আফরোজা বেগম প্রতিষ্ঠাকালীন প্রধান শিক্ষক। প্রধান শিক্ষক হিসেবে তার নিয়োগের সময় ডিজি প্রতিনিধি সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা অফিসার উপস্থিত ছিলেন। তার নিয়োগ যথাযথ। ০৬.০৫.২০০৫ সালে তিনি যোগদান করেন। নিয়োগকালীন সময়ে তার বি.এড সনদ না থাকলে ও ২০.০৮.২০০৬ তারিখে তিনি বিএড সনদ অর্জন করেন। এ বিভাগের নভেম্বর ২০১২ সালে জারিকৃত আদেশ ৪ নং ক্রমিক অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতা ছিল না কিন্তু ২০১০ সালের পূর্বে যোগ্যতা অর্জন করেছেন এরূপ ৮৮৯ জন শিক্ষক কর্মচারিকে এম.পি.ও ভুক্ত করা হয়েছে। জনাব আফরোজা বেগম এর অন্তর্ভুক্ত ছিলেন। প্রতিষ্ঠানটি ১৯৮৫ সালে এম.পি.ও ভুক্ত হয়। কাঠামোর ১৭(১) ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বিষয়টি নিষ্পত্তি করবে মর্মে কমিটি সুপারিশ করে।
৫.	বগুড়া জেলার ধুনট উপজেলাধীন ধুনট মহিলা কলেজের জনাব মো: শাহজাহান আলী, প্রভাষক (ইতিহাস) এর পুন: এম.পি.ও ভুক্তি।	বগুড়া জেলার ধুনট উপজেলাধীন ধুনট মহিলা কলেজের প্রভাষক (ইতিহাস) জনাব মো: শাহজাহান আলী এর বিষয়ে আরপিও ও স্থানীয় সরকার বিভাগের আদেশ পর্যালোচনা করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সুস্পষ্ট মতামত পরবর্তী সভায় উপস্থাপন করবে মর্মে কমিটি একমত পোষন করে।
৬.	যশোর জেলার বাঘারপাড়া উপজেলাধীন সেকেন্দারপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: আব্দুল মালেক এর এম.পি.ও ছাড়করণ।	নেশ প্রহরী জনাব মো: হাফিজুর রহমান এর নাম এম.পি.ও ভুক্তির বিষয়ে আপিল কমিটি ২৭.০৮.২০১৫ তারিখের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা এবং মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং-৭৪০/২০১৬ এর রায়ের বিরুদ্ধে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর আপিল দায়ের করবে মর্মে কমিটি সুপারিশ করে।



বেগম নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৪.০০১.১৮.১৫৯/১(৫)

তারিখ: ২১ চৈত্র ১৪২৪
০৪ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব (প্রতিকল্প), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



বেগম নুসরাত জাবীন বানু
যুগ্মসচিব